দৈনিক বাংলা

106

তারিখ 04 NOV 1992
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৬ ...

# "এসএসসি পরীক্ষা পদ্ধতি সম্পর্কে সরকারী সিদ্ধান্ত সময়োপযোগী"

শিক্ষামন্ত্রী ব্যারিস্টার জমিরউদ্দীন সরকার এসএসসি পরীক্ষার পদ্ধতি সম্পর্কে বিভিন্ন ধরনের গুজবের প্রেক্ষিতে ছাত্র-ছাত্রীদের মধ্যে যে অসন্তোষ ও বিক্ষোভের ভাব পরিলক্ষিত হয়েছে সে সম্পর্কে সরকারের মনোভাব ব্যাখ্যা করার জন্য মঙ্গলবার ঢাকা মেট্রোপলিটন শহরের সরকারী ও বেসরকারী স্কুলের প্রধান

(৪-এর পৃঃ দ্রঃ)

## এসএসসি পরীক্ষাপদ্ধতি

(প্রথম পৃষ্ঠার পর)

শিক্ষক ও শিক্ষিকাদের সাথে তার অফিসে এক বৈঠকে মিলিত হন। বৈঠকে মন্ত্রণালয়ের সচিব শফিউল আলম ও উর্ধ্বতন কর্মকর্তাগণও উপস্থিত ছিলেন।

বৈঠকে প্রধান শিক্ষক ও শিক্ষিকাগণ সরকার কর্তৃক গৃহীত সিদ্ধান্তকে বিজ্ঞোচিত ও সময়োপযোগী বলে উল্লেখ করেন। পরীক্ষাপদ্ধতির ত্রুটি–বিচ্যুতি দূর করা ও শিক্ষার সঠিক মান সংরক্ষণের জন্য এ সিদ্ধান্ত একান্ত অপরিহার্যও বলে তারা অভিমত ব্যক্ত করেন এবং যেকোন পরিস্থিতিতে তারা শিক্ষার স্বার্থে সরকারকে সার্বিক সাহায্য ও সহযোগিতা প্রদানের আশ্বাস দেন।

শিক্ষামন্ত্রী সরকার কর্তৃক জারিকৃত সার্কুলার ও প্রেসনোটের প্রেক্ষিতে উদ্ভূত পরিস্থিতি সম্পর্কে সরকারের মনোভাব ব্যাখ্যা করেন। তিনি উপস্থিত প্রধান শিক্ষক ও শিক্ষিকাগণকে তাদের খোলাখুলি মতামত প্রকাশের জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন। খবর তথ্য বিবরণীর।

### ভিসিদের সঙ্গে বৈঠক

শিক্ষামন্ত্রী মঙ্গলবার শিক্ষা মন্ত্রণালয়ের সভাকক্ষে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ভাইস–চ্যান্সেলরগণের সঙ্গেও এক বৈঠকে মিলিত হন।

বিশ্ববিদ্যালয়ের ভাইস–চ্যান্সেলরগণ বিভিন্ন পর্যায়ে ইংরেজী শিক্ষার নিম্নমানের কথা উল্লেখ করেন। বৈঠকে স্নাতক ডিগ্রী ও স্নাতক সম্মান পর্যায়ে বাধ্যতামূলক ইংরেজী বিষয় চালুর ব্যাপারে তাদের মতামত আহ্বান করা হয়।

শিক্ষামন্ত্রী বলেন, বর্তমান সরকার উচ্চশিক্ষার মান উন্নয়নের লক্ষ্যে ইতিমধ্যেই বাস্তবমুখী কর্মসূচী নিয়েছে। তিনি বলেন, শিক্ষার ব্যাপারে শিক্ষকগণের যেকোন গঠনমূখী মতামত ও সুপারিশকে সরকার সব সময় স্বাগত জানাবে।

শিক্ষা সচিব শফিউল আলম, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান প্রফেসর এম শামসুল হক এবং অন্যান্য পদস্থ কর্মকর্তাগণ বৈঠকে উপস্থিত ছিলেন।